# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 19-03-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , আজ অযোধ্যায় রামমন্দিরে এক বিশেষ ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে শ্রীরাম যন্ত্র স্থাপন করেছেন।

২। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ নতুন দিল্লীতে জাতীয় প্রতিরক্ষা শিল্প কনক্লেভ ২০২৬ -এর উদ্বোধন করেছেন।

৩। বিজেপি, কেরালা বিধানসভা নির্বাচনের জন্য ৩৯ জনের দ্বিতীয় প্রার্থী তালিকা এবং অসমের ৮৮ জনের প্রথম প্রার্থী তালিকা ঘোষণা করেছে।

প্রকাশিত বিভিন্ন রাজ্যের বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য বিজেপি প্রার্থীদের নামও।

৪। পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ায় প্রথম অতিরিক্ত তালিকা বা সাপ্লিমেন্টারী লিস্ট আগামীকাল বের হবে।

৫। আজ শুরু হয়েছে চৈত্র নবরাত্রি।

পবিত্র এই দিনে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ অযোধ্যায় শ্রীরাম জন্মভূমি মন্দিরে এক বিশেষ ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে শ্রীরাম যন্ত্র স্থাপন করেন। ১৫০ কেজি ওজনের স্বর্ণখচিত এই

যন্ত্রটি বৈদিক গণিত ও জ্যামিতি অনুসারে তৈরী করা হয়েছে। এই যন্ত্র থেকে পবিত্র আধ্যাত্মিক শক্তি নির্গত হয় বলে মনে করা হচ্ছে। যন্ত্রটিকে ভগবান শ্রীরামের প্রিতীক হিসাবে ধরা হয়। এই অনুষ্ঠানের আগে রাষ্ট্রপতি রাম জন্মভূমি মন্দিরে পূজার্চনা করেন। আজ সকালে তিনি অযোধ্যার মহর্ষি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছলে রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল, মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, দুই উপমুখ্যমন্ত্রী কেশবপ্রসাদঃ মৌর্য এবং ব্রাজেশ পাঠক তাঁকে অভ্যর্থনা জানান।

---------------------

বিজেপি কেরালা বিধানসভা নির্বাচনের ৩৯ জনের দ্বিতীয় প্রার্থী তালিকা আজ প্রকাশ করেছে। বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি কে রাজশেখরণ আরানমুলা আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। কাসারগড় থেকে অশ্বিনী এম এল এবং কংগাড থেকে রেনু সুরেশ প্রতিদ্বন্দ্বিতা করবেন। অন্যদিকে বি রাধাকৃষ্ণ মেনন চাঙ্গানোশারী থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। গতকাল দলের প্রধান নির্বাচনী কমিটি নতুন দিল্লিতে এই প্রার্থীতালিকা অনুমোদন করে। এই সপ্তাহের প্রথম দিকে, ৪৭ জন প্রাথীর প্রথম তালিকা প্রকাশ করা হয়। আগামী ৯ই এপ্রিল কেরালায় ১ দফায় বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

---------------------

বিজেপি অসম বিধানসভা নির্বাচনের জন্য ৮৮ জনের প্রার্থী তালিকা ঘোষণা করেছে। গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় নির্বাচন সমিতির বৈঠকে এই প্রার্থীদের নাম অনুমোদন করা হয়। এই বৈঠকে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং স্বরাষ্ট্র মন্ত্রী আমিত শাহ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা জালুকবাড়ী থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

---------------------

বিজেপি বিভিন্ন রাজ্যের উপ নির্বাচনের জন্য প্রার্থীতালিকা প্রকাশ করেছে। দলীয় সূত্রে জানা গেছে গোয়ার পণ্ডা আসন থেকে দলের প্রার্থী হবেন রিতেশ রবি নায়েক। নাগাল্যান্ডের করিডাং আসন থেকে ডাওচিয়ের ইঞ্চেন প্রতিদ্বন্দ্বিতা করবেন। অন্যদিকে কর্ণাটকের বাগালকোট থেকে প্রার্থী হবেন ভি চরণতিমাথ, এছাড়া দাভঙ্গেরে দক্ষিণ আসন থেকে প্রার্থী হবেন শ্রীনিবাস দাসা কারিয়াপাপ্পা। ত্রিপুরার ধর্মনগর থেকে প্রতিদ্বন্তিতা করবেন জহর চক্রবর্তী।

---------------------

জাতীয় তদন্ত সংস্থা- NIA, মণিপুরে আধাসামরিক বাহিনীর ওপর হামলার ঘটনায় নিষিদ্ধ ঘোষিত 'পিপল্স লিবারেশন আর্মি' গোষ্ঠীর তিন জঙ্গীর বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে। NIA সূত্রে জানানো হয়েছে, গতকাল ইম্ফলের বিশেষ আদালতে ভারতীয় ন্যায় সংহিতা, অস্ত্র আইন, সরকারি সম্পত্তি ধ্বংস প্রতিরোধ আইন, বিষ্ফোরক দ্রব্য সংক্রান্ত আইন এবং UAPA আইন অনুসারে ওই তিন জঙ্গীর বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়।

২০২৫-এর সেপ্টেম্বর মাসে মণিপুরের বিষ্ণুপুর এলাকার নাম্বোল-সাবাল-লেইকাই অঞ্চলে আসাম রাইফেল্স-এর একটি ট্রাকের ওপর হামলা চালানো হয়। এই হামলার ঘটনায় আসাম রাইফেল্স-এর দুই জওয়ান নিহত হন এবং আরো পাঁচজন গুরুতর আহত হন। গতবছর নভেম্বর মাসে স্থানীয় পুলিশের হাত থেকে এই ঘটনার তদন্তের দায়িত্ব, NIA-এর হাতে দেওয়া হয়।

---------------------

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ নতুন দিল্লীতে জাতীয় প্রতিরক্ষা শিল্প কনক্লেভ ২০২৬ -এর উদ্বোধন করেছেন। এই কনক্লেভে অত্যাধুনিক প্রতিরক্ষা উৎপাদন প্রযুক্তি নিয়ে আলাপ আলোচনা হবে। দু'দিনের এই কনক্লেভ উপলক্ষে মন্ত্রী অত্যাধুনিক

প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন এবং প্রতিরক্ষা ক্ষেত্রে উদ্ভাবন বিষয়ে একটি প্রদর্শনীরও উদ্বোধন করেন। এছাড়াও তিনি স্টার্ট -আপ এবং MSME চ্যালেঞ্জেরও সূচনা করেন। কনক্লেভের উদ্বোধন করে প্রতিরক্ষা মন্ত্রী ভারতের প্রতিরক্ষা উৎপাদন ব্যাবস্থাকে জোরদার করে তোলার আহ্বান জানান।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা। 'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

---------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'ঋতু পরিবর্তনের সন্ধিক্ষণে স্বাস্থ্য সচেতনতা' । এই নিয়ে বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ( ১৯/০৩/২৬) রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় এডজুডিকেশনে থাকা ভোটারদের নাম ঝাড়াই বাছাইয়ের পর প্রথম অতিরিক্ত তালিকা বা সাপ্লিমেন্টারী লিস্ট আগামীকাল বের হবে। তার আগে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের নেতৃত্বে আজ এক বৈঠক হয়। হাইকোর্টে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের স্বরাষ্ট্র সচিব,রাজ্য পুলিশের ডিজিপি ও কলকাতা পুলিশ কমিশনার।

জানা গেছে, অতিরিক্ত তালিকা প্রকাশের পর যে সমস্ত নাম বাদ যাচ্ছে তাদের পক্ষ থেকে কোথাও যাতে অশান্তি ছড়াতে না পারে সে দিকে নজর রাখার পাশাপাশি এস আই আরের কাজে নিযুক্ত বিচারক বা জুডিশিয়াল আধিকারিদের নিরাপত্তা সুনিশ্চিত করতেই এই জরুরি বৈঠক ডেকেছিলেন প্রধান বিচারপতি।

উল্লেখ্য, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধবের পর গত ২৮ শে ফেব্রুয়ারী প্রকাশিত হয় চূড়ান্ত ভোটার তালিকা। তাতেই ৬০ লক্ষের অধিক নাম বিচারাধীন বা অ্যাজুডিকেশনের অধীন ছিল। এইসব নাম পর্যালোচনার জন্য সুপ্রীম কোর্টের নির্দেশে নিয়োগ করা হয় জুডিশিয়াল আধিকারিকদের।

---------------------

বম্বে শেয়ার বাজারে সূচকাঙ্ক আজ সতেরশো  পয়েন্ট পড়ে ৭৫ হাজার চারে নেমে গেছে।

অন্যদিকে, জাতীয় শেয়ার সূচক নিফিটিও পাঁচশো ২২ পয়েন্ট পড়ে ২৩ হাজার ২৫৬ -য় নেমে যায়। এর ফলে অভ্যন্তরীণ শেয়ার সূচক ২ দশমিক ২ শতাংশ নেমে যায়। গৃহনির্মাণ, ব্যাংকিং এবং তথ্য প্রযুক্তির স্টকগুলিতেই পড়তি প্রবণতা লক্ষ্য করা গেছে।

--------------------

এয়ার ইন্ডিয়া ও এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস এয়ারলাইন্স আজ পশ্চিম এশিয়ার দেশগুলি থেকে ৪৮ টি নির্ধারিত ও অনিয়মিত বিমান চলাচলের ব্যবস্থা করবে । এর পাশাপাশি দুটি এয়ারলাইন্সই জেদ্দা ও মাসকটের জন্য ১৬ টি বিমানের নিয়মিত পরিষেবা বজায় রাখবে বলে জানিয়েছে। এয়ার ইন্ডিয়া দিল্লী ও মুম্বই থেকে একটি করে ফিরতি উড়ান চালাবে। অন্যদিকে বেঙ্গালুরু, হায়দ্রাবাদ ও কোঝিকোড় থেকে উড়ান চালাবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। সৌদি আরবে নির্ধারিত বিমান পরিষেবার বাইরে ৩০ টি উড়ান চালানো হবে বলে এয়ারলাইন্সের পক্ষ থেকে জানানো হয়েছে।

--------------------

ইরানের তরফ থেকে হরমুজ প্রণালী দিয়ে ২২টি ভারতীয় জাহাজকে চলাচলের অনুমতি না দেওয়ার যে খবরটি সমাজমাধ্যমে ছড়িয়ে পড়েছে তা সম্পূর্ণ ভুয়ো বলে জানিয়েছে বিদেশ মন্ত্রকের ফ্যাক্ট চেক ইউনিট। দেশের নাগরিকদের এ বিষয়ে সচেতন থাকার পরামর্শ দিয়েছে বিদেশ মন্ত্রক।

--------------------

জম্মু কাশ্মীরের রাজৌরি থকে পুঞ্চ পর্যন্ত ঐতিহাসিক মুঘল সড়ক আজ নিয়ে চতুর্থদিনেও বন্ধ হয়ে রয়েছে। প্রবল তুষারপাত এবং পীর কী গলি এলাকায় বর্ষণ জনিত কারণে যানবাহন চলাচল বন্ধ হয়ে রয়েছে। পীর পাঞ্জাল পর্বতাঞ্চলের উঁচু

এলাকায় প্রবল তুষারপাত আজও অব্যাহত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত মুঘল সড়কে যান চলাচন বন্ধ থাকবে বলে সরকারী সূত্রে জানানো হয়েছে।

---------------------

চৈত্র নবরাত্রির আজ প্রথম দিন। চলবে ২৭ শে মার্চ পর্যন্ত। ন'দিন ব্যাপী এই উৎসবে দেবী দুর্গাকে ন'টি রূপে পুজো করা হয়। প্রথম দিনে দেবী দুর্গা আজ 'শৈলপুত্রী' রূপে পূজিত হন।

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু, নবরাত্রি,শুক্লাদি, উগাডি, গুড়ি পাড়ওয়া, চেতি চাঁদ, নবরেহ এবং সাজিবু চেইরোবা উৎসব উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায়, রাষ্ট্রপতি বলেন বিভিন্ন সম্প্রদায়ের নববর্ষের আগমন ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্রের নিদর্শন।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণও অই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'ও, নবরাত্রি উপলক্ষ্যে, দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি, সকলের জন্য দেবী দুর্গার আশীর্বাদ কামনা করেন। মারাঠি নববর্ষ উৎসব গুডি পাড়ওয়া এবং নব সম্বৎসর উপলক্ষ্যেও প্রধানমন্ত্রী শুভেচ্ছা জানিয়েছেন।

এই উপলক্ষে সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী'ও সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

---------------------

'খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমস'-এর প্রথম সংস্করণ আগামী  ২৫শে মার্চ থেকে শুরু হচ্ছে, চলবে ৬ই এপ্রিল পর্যন্ত। খেলাগুলি হবে  ছত্তিশগড়ের রায়পুর, জগদলপুর এবং সরগুজায়।

খেলাগুলি দেখা যাবে DD Sports, Prasar Bharati Sports এবং  waves OTT প্লাটফর্মে।

--------------------- ---------------------